

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৭৩২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর কোন এক উম্মতকে আদেশ করেন, যেন তাঁকে কুর'আন পাঠ করে শুনানো হয়

ذَكَرُ أَمْرِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْضَ أُمَّتِهِ أَنْ يَقْرَأَ عَلَيْهِ الْقُرْآنَ

আরবী

732 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْغَفَّارِ بْنُ عَبْدِ اللَّهِ الزُّبَيْرِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ عَنِ الْأَعْمَشِ عَنِ إِبْرَاهِيمَ عَنِ عُبَيْدَةَ عَنِ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اقْرَأْ عَلَيَّ) قَالَ: قُلْتُ: أَقْرَأُ عَلَيْكَ وَإِنَّمَا أَنْزَلَ الْقُرْآنُ عَلَيْكَ؟ قَالَ: (إِنِّي أَحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِي) فَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ النَّسَاءِ حَتَّى إِذَا بَلَغْتُ: {فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَؤُلَاءِ شَهِيدًا} [النساء: 41] نظرت إليه فإذا عيناه تُهراقان.

الراوي : عَبْدُ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 732 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩২. আব্দুল্লাহ রাঈয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন, “তুমি আমাকে কুর'আন পাঠ করে শুন।” রাবী বলেন, আমি বললাম, “আমি আপনাকে কুর'আন পাঠ করে শুনাবো? অথচ আপনার উপরে কুর'আন অবতীর্ণ হয়েছে!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন, “আমি অন্যের কাছ থেকে শুনতে ভালবাসি।” ফলে আমি তাঁকে সূরা নিসা পাঠ করে শুনলাম। অতঃপর আমি যখন এই আয়াত পর্যন্ত পৌঁছলাম: “সেসময়ের অবস্থা কেমন হবে, যখন প্রত্যেক উম্মত থেকে একজন করে সাক্ষী আনয়ন করবো, আর আপনাকে এদের বিপক্ষে সাক্ষী হিসেবে আনবো।” (সূরা নিসা: ৪১) তখন আমি তাঁর দিকে তাকিয়ে দেখতে পেলাম যে, তাঁর দু'চোখ থেকে অশ্রু প্রবাহিত হচ্ছে!”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮০০; আত তাবারানী: ৮৪৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৫৬৩; সহীহ আল বুখারী: ৪৫৮২; মুসনাদ আহমাদ: ১/৩৮০; আবু দাউদ: ৩৬৬৮; তিরমিযী: ৩০২৮; সুনান বাইহাকী: ১০/২৩১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২০; আবু ইয়ালা: ৫২২৮; হিলইয়াতুল আওলিয়া: ৭/২০৩; হুমাইদী: ১০১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ১৯২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89235>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন